

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 23-12-2025

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, রাজ্য সরকার বর্জ্য পদার্থের পৃথকীকরণ ও প্রক্রিয়াকরণের ওপর গুরুত্ব দিচ্ছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ খোয়াইয়ের ধলাবিলে ১০০ শয্যা বিশিষ্ট নতুন জেলা হাসপাতাল এবং ৫০ শয্যা বিশিষ্ট নেশা মুক্তি কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
- (৩) প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতবর্ষ চৌধুরী চৱণ সিং এর জন্মদিন আজ "জাতীয় কিষাণ দিবস" হিসেবে উদযাপিত হচ্ছে।
- (৪) অক্টোবর ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটে ত্রিপুরা প্লেট ফ্রপে চ্যাম্পিয়ন হয়েছে।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, মাটি ও বায়ুমণ্ডলের দূষণ এড়াতে রাজ্য সরকার বর্জ্য পদার্থের পৃথকীকরণ ও প্রক্রিয়াকরণের ওপর বেশি গুরুত্ব দিচ্ছে। আজ আগরতলার দেবেন্দ্র নগরে পুর নিগম পরিচালিত বর্জ্য প্রক্রিয়াকরণের কেন্দ্রটি পরিদর্শন করে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন এই বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্রটি আগের চেয়ে অনেক বেশি উন্নত হয়েছে। আরো বেশি পরিমাণে বর্জ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণের কাজে গতি বাঢ়ানোর উপর তিনি গুরুত্ব আরোপ করেন। রাজ্যপাল বলেন, নিজের ঘরে থাকা বর্জ্য পদার্থ গুলি সঠিক সময়ে সংগ্রহকারীদের কাছে পৌঁছে দেওয়ার জন্য জনগণকে আরো বেশি সচেতন হতে হবে। আগরতলা পুর নিগমের কমিশনার ডি কে চাকমা জানান, ২০২২ সালে কেন্দ্রীয় সরকারের সংস্থা

মান্ডি এল্টারপ্রাইজ দেবেন্দ্র নগরে বর্জ্য প্রক্রিয়াকরণের কাজ শুরু করে। বর্জ্য পদার্থগুলি পৃথকীকরণ এবং তা থেকে জৈব সার তৈরির কাজও করছে এই সংস্থা। মোট আশি জন শ্রমিক এই কাজে নিয়োজিত রয়েছেন।

* * * * *

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ খোয়াইয়ের ধলাবিলে ১০০ শয়া বিশিষ্ট নতুন জেলা হাসপাতাল এবং ৫০ শয়া বিশিষ্ট নেশা মুক্তি কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি ভার্চুয়ালভাবে খোয়াই জেলায় ৮টি প্রকল্পের উদ্বোধন করেন। এগুলির মধ্যে রয়েছে জেলা প্রশাসনের জন্য নির্মিত নতুন সরকারি আবাস, ডি-সি-এম এবং বিডিও অফিস, কোয়ার্টার, শ্যামাপ্রসাদ মুখার্জির স্ট্যাচু, পার্ক উদ্বোধন ইত্যাদি। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আজ যে সমস্ত প্রকল্প উদ্বোধন এবং শিলান্যাস করা হলো এরজন্য ব্যয় হচ্ছে ১১৩ কোটি টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়ার সরকারী মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী ও নির্মল বিশ্বাস, জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, জেলাশাসক রজত পন্থ, জেলা পুলিশ সুপার রানাদিত্য দাস প্রমুখ।

* * * * *

Choudhary Charan Singh :

প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরঞ্জ চৌধুরী চৱণ সিং এর জন্মদিন আজ "জাতীয় কিষান দিবস" হিসেবে উদযাপিত হচ্ছে। উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চৱণ সিং-এর জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঙ্গলি অর্পণ করেছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন প্রাক্তন প্রধানমন্ত্রী একজন বিশিষ্ট নেতা এবং কৃষকদের কল্যাণকামী ছিলেন। তিনি আরও বলেন যে, গ্রামীণ উন্নয়ন, সামাজিক ন্যায়বিচার এবং কৃষি সম্প্রদায়ের ক্ষমতায়নের প্রতি তাঁর অটল অঙ্গীকার ভারতের জনজীবনে স্থায়ী ছাপ রেখে গেছে।

* * * * *

Shivraj Singh Chouhan :

কেন্দ্ৰীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্ৰী শিবরাজ সিং চৌহান বিকশিত ভাৱত - ৱোজগাল এবং আজিবিকা মিশন (গ্ৰামীণ) আইনকে কৃষক ও শ্ৰমিকদেৱ কল্যাণে এগিয়ে নেওয়াৰ লক্ষ্যে একটি ত্ৰিতিহাসিক উদ্যোগ বলে অভিহিত কৱেছেন। জাতীয় কৃষক দিবস উপলক্ষ্যে দেশজুড়ে কৃষকদেৱ সঙ্গে ভাঁচুয়াল আলাপচাৰিতায় মন্ত্ৰী একথা বলেন। তিনি বলেন যে কৃষক ও শ্ৰমিকদেৱ কল্যাণেৱ জন্য আইনে শক্তিশালী বিধান অন্তৰ্ভুক্ত কৱা হয়েছে। নতুন আইন পূৰ্বে বাস্তবায়িত মহাঞ্চা গান্ধী জাতীয় গ্ৰামীণ কৰ্মসংস্থান গ্যারান্টি আইন, মনৱেগাকে আৱে শক্তিশালী কৱেছে। এই আইন কৃষি মৰণুমে কৃষি শ্ৰমিকেৱ প্ৰাপ্যতা নিশ্চিত কৱবে। শ্ৰী চৌহান উল্লেখ কৱেন যে মজুরি কৰ্মসংস্থানেৱ দিনেৱ সংখ্যা আগেৱ একশ দিন থেকে বাড়িয়ে একশ পঁচিশ দিন কৱা হয়েছে। তিনি জানান যে এই বছৰ এৱ আওতায় এক লক্ষ ৫১ হাজাৰ কোটি টাকাৱও বেশি অৰ্থ প্ৰস্থাৰ কৱা হয়েছে।

* * * * *

Kisan Diwas :

"জাতীয় কিষান দিবস" উপলক্ষ্যে আজ কৈলাশহৱেৱ মাইলুং ADC ভিলেজে কৃষি বিজ্ঞান কেন্দ্ৰেৱ উদ্যোগে এক অনুষ্ঠানে দিবস'টিৱ তাৎপৰ্য এবং কৃষি ও কৃষক কল্যাণে ভাৱত সৱকাৱেৱ বহুমুখী উদ্যোগ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। কেন্দ্ৰীয় সৱকাৱেৱ নতুন আইন বিকশিত ভাৱত - G-RAM - G এৱ জনস্বার্থবাহী দিক নিয়ে আলোচনা কৱা হয়। বক্তব্য রাখেন, চন্দ্ৰপুৰ পঞ্চায়েত সমিতিৱ চেয়াৰপার্সন শম্পা দাস পাল, কৃষি বিজ্ঞান কেন্দ্ৰেৱ বৱিষ্ঠ বিজ্ঞানী ডক্টৱ জয়শ্ৰী দত্ত, সমাজসেবী কাৰ্তিক দেৱবৰ্মা প্ৰমুখ।

অনুষ্ঠানে দু'জন কৃষককে সংৰ্বধনা জানানো হয়। তাছাড়া কৃষকদেৱ মধ্যে শীতকালীন সবজিৱ উন্নতমানেৱ বীজ প্ৰদান কৱা হয়। এই উপলক্ষ্যে কেন্দ্ৰীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্ৰী শিবরাজ সিং চৌহানেৱ মতবিনিময় অনুষ্ঠান সৱাসৱি সম্প্ৰচাৱ কৱা হয়।

Zila Parishad-Kishor Burman :

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন বলেছেন, রাজ্য সরকার গ্রামীন এলাকায় নাগরিকদের দক্ষতা বিকাশ ও কর্মসংস্থানে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। আজ আগরতলার সোনারতরী রাজ্য অতিথিশালায় পশ্চিম ট্রিপুরা জিলা পরিষদের পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের এম জি এন রেগার পরিবর্তে নয়া আইন জি রাম জি গ্রামীন এলাকার জনগনের কর্মসংস্থান ও আর্থিক দৃৰ্বলতা রোধে ঔরুষপূর্ণ ভূমিকা নেবে। নতুন জি রাম জি আইন কে স্বাগত জানিয়ে তিনি বলেন, এই আইনে গ্রামীন এলাকার আর্থ সামাজিক মানোন্নয়নে ঘটবে। এর জন্য কেন্দ্রীয় সরকার প্রায় ১ লক্ষ ৫০ হাজার কোটি টাকার সংস্থান রেখেছে, যা দেশের প্রতিটি গ্রাম পঞ্চায়েতের উন্নয়নে ১ কোটি টাকা করে ব্যয় করা হবে। উপস্থিত ছিলেন বিধায়ক মীনারাণী সরকার, পশ্চিম জেলার ভারপ্রাপ্ত জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল, জেলাশাসক ডাঃ বিশাল কুমার ও জেলার অন্তর্গত নয়টি ব্লকের কর্মকর্তাগণ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে জাতীয় বিজ্ঞান পুরস্কার ২০২৫ প্রদান করেন। বিজ্ঞান রঞ্জ, বিজ্ঞান শ্রী, বিজ্ঞান যুব শান্তি স্বরূপ ভাটনগর এবং বিজ্ঞান দল সহ চারটি বিভাগে এই পুরস্কার প্রদান করা হয়েছে। পদ্মবিভূষণ অধ্যাপক জয়ন্ত বিষ্ণু নার্লিকরকে মরণোত্তর বিজ্ঞান রঞ্জ পুরস্কারে ভূষিত করা হয়েছে। আটজন বিজ্ঞানীকে বিজ্ঞান শ্রী পুরস্কার এবং ১৪ জন তরুণ বিজ্ঞানীকে বিজ্ঞান যুব বিভাগে পুরস্কার দেওয়া হয়েছে এবং বিজ্ঞান টিম পুরস্কার টিম অ্যারোমা মিশন সি.এস.আই.আর.কে দেওয়া হয়েছে।

* * * * *

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তি চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

* * * * *

Fish Festival :

মৎস্য মন্ত্রী সুধাংশু দাস আজ কাঞ্চনপুর আই.এস.বি.টি মাঠে উত্তর প্রিপুরা জেলাভিত্তিক একদিনের মৎস্য উৎসবের সূচনা করেন। অনুষ্ঠানে তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প কল্পায়নের মাধ্যমে প্রিপুরাকে আম্বনির্ভর রাজ্য হিসেবে গড়ে তোলার কাজ চলছে। এরই অঙ্গ হিসেবে রাজ্যের মৎস্যচাষিদের আম্বনির্ভর করতে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প কল্পায়ন করছে। তাতে রাজ্যের মাছের চাহিদা পূরণ করা সম্ভব হবে। বক্তব্য রাখেন উত্তর প্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ, লালজুরি বিএসি'র চেয়ারম্যান অজন্ত চৌধুরী, মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস।

Ekalabya School :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্যের জনজাতি ছাত্রছাত্রীদের শিক্ষার মানোন্নয়ন ও পরিকাঠামোকে আরও শক্তিশালী করার লক্ষ্যে একলব্য বিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসাবে কাজ করছে। আজ ছাওমনু বিধানসভা কেন্দ্রের মানিকপুর এলাকায় নির্মায়মান একলব্য আবাসিক বিদ্যালয়ের নির্মাণকাজ পরিদর্শন শেষে তিনি একথা বলেন। তিনি বলেন, এই বিদ্যালয়ে ৪৮০ আসন বিশিষ্ট পৃথক গার্লস ও বয়েজ হোস্টেল সহ আধুনিক পরিকাঠামোর স্কুল ভবন নির্মাণ করা হচ্ছে। মন্ত্রীর সঙ্গে উপস্থিতি ছিলেন বিধায়ক শঙ্কুলাল চাকমা এবং জনজাতি কল্যাণ দপ্তরের আধিকারিকরা।

Jitendra Chowdhury :

বিরোধী দলনেতা তথা সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী বাংলাদেশের সাম্প্রতিক অপীতিকর ঘটনাগুলির নিল্প করেছেন। আজ দশরথ দেব স্মৃতি ভবনে আয়োজিত রাজ্য উপজাতি গনমুক্তি পরিষদের সদর মহকুমা সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন শ্রী চৌধুরী। তিনি জানান, বাংলাদেশের ঘটনায় সিপিআইএমের পলিটব্যুরো আগেই তীব্র উদ্বেগ

প্রকাশ করেছে। গত দেড় বছর ধরে বাংলাদেশে মৌলবাদী শক্তি আস্ফালন দেখাচ্ছে। এরা শিলগুড়ি থেকে উত্তর পূর্ব ভারতকে আলাদা করে তাদের দখলে নেওয়ার হমকি দিচ্ছেন। এটা প্রতিবেশী দেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের পরিপন্থী। শ্রী চৌধুরী আশা করছেন বাংলাদেশে স্বাধীনতা সংগ্রামের সঙ্গে যুক্ত লোকজন দেশকে অচলাবস্থা, অস্থিরতা থেকে বের করে আনবেন। আগামী ২৬ শে ডিসেম্বর আগরতলায় সিপিআইএমের উদ্যোগে বাংলাদেশের অনভিপ্রেত ঘটনাগুলির প্রতিবাদ জানিয়ে কর্মসূচি পালন করা হবে বলে জানান তিনি। আজকের সম্মেলনে প্রাক্তন মন্ত্রী প্রণব দেববর্মা উপস্থিত ছিলেন।

* * * * *

GMP-Belonia :

উপজাতি গনমুক্তি পরিষদের ১৮তম বিলোনিয়া মহকুমা সম্মেলন আজ রাজনগর বিধানসভার চিকনথলিতে অনুষ্ঠিত হয়। ২৩৯ জন প্রতিনিধির উপস্থিতিতে সম্মেলন থেকে গঠিত নতুন মহকুমা কমিটির সভাপতি হয়েছেন পদরাই ত্রিপুরা ও দীপক উচ্চাই সম্পাদক নির্বাচিত হন। প্রাক্তন বিধায়ক সুধন দাস, বাসুদেব মজুমদার, জিএমপির কেন্দ্রীয় কমিটির সম্পাদক রাধাচরন দেববর্মা, সিপিআইএম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত প্রমুখ সম্মেলনে উপস্থিত ছিলেন।

* * * * *

CM-BJP :

বিজেপি মহিলা মোচার উদ্যোগে আজ খোয়াই মহকুমার বাইজাল বাড়ি স্কুল মাঠে এক জনসভার আয়োজন করা হয়। এই জনসভায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা মহিলা জনজাতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন। বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা, প্রদেশ মহিলা মোচার সভানেটী মিমি মজুমদার, প্রদেশ বিজেপির

সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা, সরকারী মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরীও জনসভায় বক্তব্য রাখেন।

* * * * *

DM Disaster :

উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন ও জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উদ্যোগে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে জেলাস্তরের সমাপনী অনুষ্ঠান ও সুশাসন বিষয়ে একদিনের কর্মশালা আজ ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন জেলাশাসক চাঁদনি চন্দ্রন। এই অনুষ্ঠানে জেলা প্রশাসনের পক্ষ থেকে অর্থায়নে জেলার প্রতিটি ফায়ার স্টেশনকে একটি করে জেনারেটর এবং প্রতিটি মহকুমা ও গৱর্নমেন্ট স্থানের জন্য অ্যালার্ম সিস্টেম প্রদান করা হয়।

* * * * *

Women's Cricket :

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটে ত্রিপুরা প্লেট গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছে। আজ নাগপুরের লেডি অমৃতবাই দাগা কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত আসরের ফাইনালে রাজ্যদল ৪ উইকেটে মিজোরামকে হারিয়ে দেয়। মিজোরাম টসে জিতে ব্যাট করতে নেমে ৫০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৭৫ রান করে। জবাবে রাজ্যদল ৪৭ ওভার ৩ বল-এ ৬ উইকেট হারিয়ে জয় তুলে নেয়। রাজ্যদলের দলনেট্রী অঞ্জিতা দেবনাথ অনবদ্য ৬৫ রান করে।

* * * * *

Vijay Merchant :

ত্রিপুরা ও চান্দিগড়ের মধ্যে বিজয় মাটেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা আজ থেকে কর্ণাটকে শুরু হয়েছে। শিমোগার জে এন এন কলেজ মাঠে চান্দিগড় টসে জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেয়

এবং প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৫৩ রান সংগ্রহ করে।
রাজ্যদলের শাহীন হোসেন পোদার পাঁচ উইকেট দখল করে।

* * * * *

Weather :

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *